


প্রযুক্তি ব্যক্তিত্ব

ফিল কাটজ

কম্পিউটারের বিভিন্ন ধরনের ফাইল ফরম্যাটের মধ্যে বেশ জনপ্রিয় একটি ফাইল ফরম্যাট হচ্ছে জিপ। যেকোনো ধরনের ফাইলকে সুরক্ষিত রাখার জন্য ব্যবহৃত হয়ে থাকে এই জিপ ফাইল ফরম্যাট। এই জিপ ফাইল ফরম্যাটের নির্মাতা হলেন ফিল কাটজ।

যুক্তরাষ্ট্রের এই কম্পিউটার প্রোগ্রামার জন্ম নেন ১৯৬২ সালের ৩ নভেম্বর। কাটজ তার স্নাতক পড়ালেখা সম্পন্ন করেন ইউনিভার্সিটি অব উইলকনসিন-মিলওয়াওকি থেকে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে। স্নাতক শেষ করার পরেই কাটজ প্রোগ্রামার হিসেবে কাজ শুরু করেন অ্যালেন-ব্র্যাডলি কোম্পানিতে।



পরে ১৯৮৬ সালে তিনি গ্রেসফট নামে আরেকটি প্রতিষ্ঠানে যোগ দেন। ওই বছরেই তিনি পিকেওয়্যার নামে নিজস্ব একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। যদিও তিনি গ্রেসফট ত্যাগ করেন ১৯৮৭ সালে। পরে নিজের প্রতিষ্ঠান থেকেই তিনি ১৯৮৯ সালে তৈরি করেন জিপ ফাইল ফরম্যাট। তবে প্রথমে তিনি নিজের প্রতিষ্ঠানে 'পিকেজিপ' নামে এই ফাইল ফরম্যাট তৈরি করেন। পরে তিনি এটি সকলের ব্যবহারের জন্য উন্মুক্ত করে দেন। এই শেয়ারওয়্যারের জন্যই তিনি বিখ্যাত হয়ে রয়েছেন পৃথিবী ব্যাপী। আজও ফাইল বহনে অত্যন্ত জনপ্রিয় এই জিপ ফরম্যাট। ২০০০ সালের ১৪ এপ্রিল মাত্র ৩৭ বছর বয়সে মৃত্যুবরণ করেন এই প্রতিভাবান প্রোগ্রামার।